স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১২ ও জুন, ২০১৩

বাংলা (Bengali)

সহায়ক পাঠক্রম (Subsidiary)

প্রথম পত্র [(S-1) SBG-I : Bangla Sahityer Itihas O Bhasatattwa]

সময় ঃ তিন ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) বাঙালি রচিত সংস্কৃত, প্রাকৃত ও অপভ্রংশ কাব্য ও কোষগ্রন্থের নাম পরিচয়সহ তাদের অবদান আলোচনা করুন।

(খ) চর্যাপদের সমাজ ও ধর্ম সম্পর্কে প্রাসর্ঙিক উদাহরণসহ আলোচনা করুন।

(গ) বাংলা পদাবলীর ইতিহাসে চণ্ডীদাস ও মৈথিল কবি বিদ্যাপতির অবদান আলোচনা করুন। মৈথিলী বা ব্রজবুলিতে পদ রচনা করা সত্ত্বেও বাংলা সাহিত্যের ইতিহাসে বিদ্যাপতি কেন প্রাসর্ঙিক আলোচনা করুন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(ঘ) দ্বিজমাধব ও কবি মুকুন্দর কাব্যের তুলনাত্মক বিচার করে দুই কবির মধ্যে কে শ্রেষ্ঠ আলোচনা করুন।

(ঙ) বাংলা সমাজ,সাহিত্য ও সংস্কৃতিতে শ্রীচৈতন্যের প্রভাব আলোচনা করুন।

(চ) কৃত্তিবাসের রামায়ণের জনপ্রিয়তার কারণগুলি উপযুক্ত ব্যাখ্যাসহ আলোচনা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) বাংলা গদ্য সাহিত্যের বিকাশে শ্রীরামপুর মিশন ও ফোর্ট উইলিয়াম কলেজের ভূমিকা বিশদ করুন।

(খ) বাংলা চলিত গদ্য রচনায় প্যারীচাঁদ মিত্র ও কালীপ্রসন্ন সিংহের অবদান বুঝিয়ে দিন।

(গ) ঔপন্যাসিক রবীন্দ্রনাথ : মনস্তাত্ত্বিক-সামাজিক-পারিবারিক উপন্যাস।

(ঘ) প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে বাংলা ভাষার বিবর্তনের পরিচয় একটি বংশলতিকা তৈরি করে বুঝিয়ে দিন।

(ঙ) কবি মধুসূদন : মহাকাব্য ও গীতি-কাব্য রচনায় কৃতিত্ব।

(চ) বাংলা মঞ্চাভিনয়ের ইতিহাসে বিদেশি প্রেরণা, সৌখিন নাট্যাভিনয় থেকে ন্যাশনাল থিয়েটার প্রসর্ঙ সংক্ষেপে আলোচনা করুন।

(ছ) বাংলা কাব্যে যতীন্দ্রনাথ-মোহিতলাল-নজরুল-কবিত্রয়ীর অবদান আলোচনা করুন।

(জ) নিচের যে কোনো **তিনটির** সংক্ষিপ্ত পরিচয় দিন :

i) হ্যানাক্যাথারিন মুলেন্স

ii) স্বর্ণকুমারী দেবী

iii) নববাবুবিলাস

iv) গণনাট্য আন্দোলনের একজন বিশিষ্ট নাট্যকার

v) স্বাধীনতা উত্তর কালের অন্যতম কবি সুনীল গঙ্গোপাধ্যায়।

(ঝ) যে কোনো **তিনটির** সংক্ষিপ্ত টীকা লিখুন :

i) স্বর্ণলতা

ii) কঙ্কাবতী

iii) রমাসুন্দরী

iv) আরণ্যক

v) নাগিনী কন্যার কাহিনী।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) চর্যাপদের তিনজন পদ রচয়িতার নাম ও তাঁদের রচিত পদের প্রথম পঙ্‌ক্তি উল্লেখ করুন।

(খ) সংক্ষিপ্ত টীকা লিখুন (তিনটি) :

লোচনদাস, কবীন্দ্র পরমেশ্বর, ইউসুফ জোলেখা, বলরাম দাস, কানা হরিদত্ত, মানিক দত্ত।

অথবা

বিহারীলাল চক্রবর্তী, রমেশচন্দ্র দত্ত, ন্যাশনাল থিয়েটার, কৃষ্ণকুমারী, সভ্যতার সংকট, আরোগ্য নিকেতন।

(গ) 'অন্নদামঙ্গল'-এর কবি ও কাব্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(ঘ) বাংলা ভাষার উপভাষা কয়টি ? 'বঙ্গালী' উপভাষার পরিসীমা বর্ণনা করুন।

(ঙ) বাংলা গদ্যচর্চায় পর্তুগীজ মিশনারীদের ভূমিকা আলোচনা করুন।

(চ) যুগসন্ধির কবি ঈশ্বরগুপ্ত — আলোচনা করুন।

(ছ) টীকা লিখুন :

রাম বসু ও হরুঠাকুর — সন্ধিক্ষণের দুই কবিওয়ালা।

(জ) টীকা লিখুন :

রবীন্দ্র সমকালীন দুই কৃতি কথাশিল্পী — প্রভাতকুমার ও শরৎচন্দ্র।